গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
পরিচালক (প্রঃ ও অর্থ)
ডাইরি নং ...
তারিখঃ ...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-২ অধিশাখা
www.moa.gov.bd

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৫৩.৯৯.০৩৯.১৭.১৮ | তারিখ: ২৯ ভাদ্র ১৪২৪
১৩ সেপ্টেম্বর ২০১৭

বিষয়: জেলা প্রশাসক সম্মেলন ২০১৭-এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ণ সংক্রান্ত।

সূত্র: কৃষি মন্ত্রনালয়ের প্রশাসন অধিশাখা-০৫ এর ১২.০০.০০০০.০২৪.১৬.১৩৪.১৭.৪১ স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সুত্রের আলোকে প্রাপ্ত পত্রটি পরবতী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২০১৭-০৯-১৩
পরিতোষ হাজরা
উপসচিব

১) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
২) মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা
www.dae.gov.bd

স্মারক নং- ২০৬১৫(৮-৭) | তারিখঃ- ২৬/৯/২০১৭

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১। পরিচালক, ............................................................ উইং (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ......................... অঞ্চল, ........ .................... (সকল)।
৩। উপ পরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকাকে ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৪। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..................................................(সকল)।

কৃষি মন্ত্রণালয়ের ১৩/০৯/২০১৭ খ্রি. তারিখের ১২.০০.০০০০.০৫৩.৯৯.০৩৯.১৭.১৮ সংখ্যক স্মারকে সংযুক্ত মন্ত্রীপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখার নির্দেশনা বাস্তবায়নের কার্যকরি ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৬/৯/১৭
(মোঃ মাহবুবুর রমান)
উপ পরিচালক (প্রশাসন)
পক্ষে-মহাপরিচালক
ফোন ঃ ৯১২৫০৫৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-২ অধিশাখা
www.moa.gov.bd

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৫৩.৯৯.০৩৯.১৭.১৮

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৪
১৩ সেপ্টেম্বর ২০১৭

বিষয়: জেলা প্রশাসক সম্মেলন ২০১৭-এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ণ সংক্রান্ত।

সূত্র: কৃষি মন্ত্রনালয়ের প্রশাসন অধিশাখা-০৫ এর ১২.০০.০০০০.০২৪.১৬.১৩৪.১৭.৪১ স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সুত্রের আলোকে প্রাপ্ত পত্রটি পরবতী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২০১৭-০৯-১৩
পরিতোষ হাজরা
উপসচিব

১) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
২) মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর- ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০৫.১৭.৪০২

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৪ / ১৩ আগস্ট ২০১৭

**বিষয় : জেলা প্রশাসক সম্মেলন ২০১৭-এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত।**

গত ২৫-২৭ জুলাই ২০১৭ মেয়াদে তিনদিনব্যাপী জেলা প্রশাসক সম্মেলন ২০১৭ অনুষ্ঠিত হয়। ২৫ জুলাই ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী জেলা প্রশাসক সম্মেলনের শুভ উদ্বোধন করেন। উক্ত উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণের উদ্দেশ্যে সানুগ্রহ দিক্-নির্দেশনামূলক ভাষণ প্রদান করেন। উক্ত ভাষণে মাননীয় প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে মাঠ পর্যায়ে সরকারের নীতি ও কর্মসূচি বাস্তবায়ন এবং জনগণ ও সরকারের মধ্যে সেতুবন্ধ হিসাবে জেলা প্রশাসকগণ বিশেষ ভূমিকা পালন করছেন। ভূমি ব্যবস্থাপনা, জননিরাপত্তা নিশ্চিতকরণ, ভেজালবিরোধী অভিযান, দুর্যোগ ব্যবস্থাপনা, মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ, নির্বাচন পরিচালনা, পরিবেশের সুরক্ষা, ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষ রোপণ এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনি কর্মসূচি বাস্তবায়নের মত কাজগুলি জেলা প্রশাসকগণ করে থাকেন। এসব রুটিন কাজের মধ্যে সীমাবদ্ধ না থেকে এর বাইরেও সাধারণ মানুষের কল্যাণে নতুন নতুন উপায় এবং কৌশল খুঁজে বের করার জন্য জেলা প্রশাসকদের সানুগ্রহ নির্দেশনা প্রদান করেন। উক্ত সম্মেলনে তিনি জেলা প্রশাসকদের বহুবিধ কাজের মধ্যে নিম্নোল্লিখিত বিষয়সমূহের প্রতি বিশেষভাবে লক্ষ্য রাখার জন্য দিক্-নির্দেশনা প্রদান করেন:

০১. সরকারি সেবা গ্রহণে সাধারণ মানুষ যাতে কোনভাবেই হয়রানি বা বঞ্চনার শিকার না হন, সেদিকে লক্ষ্য রাখা;

০২. তৃণমূল পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠায় জনপ্রতিনিধিদের সঙ্গে একাত্ম হয়ে কাজ করা;

০৩. গ্রামীণ অর্থনীতিকে আরও শক্তিশালী করে নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টি করা, মানুষ যেন শহরমুখী না হয় এবং শহরের ওপর জনসংখ্যার চাপ যাতে না বাড়ে সে ব্যবস্থা করা;

০৪. গ্রামীণ অবকাঠামো উন্নয়ন, সম্ভাবনাময় স্থানীয় ক্ষুদ্র ও মাঝারি শিল্পের বিকাশ এবং কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচনে ব্রতী হয়ে কাজ করা;

০৫. ধনী-দরিদ্রের বৈষম্য কমাতে উন্নয়ন কর্মসূচি এমনভাবে গ্রহণ করা যাতে সর্বোচ্চ সংখ্যক মানুষ উপকৃত হয়। বৈষম্যহীন সমাজ বিনির্মাণে সম্পদের সুষম বণ্টন নিশ্চিত করা;

০৬. জঙ্গিবাদ, সন্ত্রাস ও সাম্প্রদায়িকতা দূর করে সমাজ জীবনের সর্বক্ষেত্রে শান্তি-শৃঙ্খলা ও স্থিতিশীলতা বজায় রাখার ক্ষেত্রে আরও সতর্কতার সঙ্গে এবং কঠোরভাবে দায়িত্ব পালন করা;

০৭. জঙ্গিবাদ ও সন্ত্রাস নির্মূলে স্থানীয় জনপ্রতিনিধি, স্কুল-কলেজ-মাদ্রাসার শিক্ষক, মসজিদের ইমাম, গ্রামের মুরুব্বি, নেতৃস্থানীয় ব্যবসায়ী, নারী সংগঠক, আনসার-ভিডিপি, গ্রাম পুলিশ, এনজিও কর্মীসহ সমাজের সবাইকে সম্পৃক্ত করা;

০৮. প্রতিবন্ধী, অটিস্টিক ও পিছিয়ে থাকা জনগোষ্ঠীর কল্যাণে বিশেষ পদক্ষেপ গ্রহণ করা;

০৯. সাধারণ মানুষকে সহজে সুবিচার প্রদান ও আদালতে মামলার জট কমাতে গ্রাম আদালতগুলিকে কার্যকর করা;

১০. জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছাতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়ন ও বিকাশে নেতৃত্ব প্রদান করা;

১১. শিক্ষার সর্বস্তরে নারী শিক্ষার হার বৃদ্ধি এবং ঝরেপড়া শিক্ষার্থীদের মূলধারায় ফিরিয়ে আনার পদক্ষেপ নেওয়া;

| |
|---|
| যুগ্ম-সচিব (প্রশাসন) এর দপ্তর |
| প্রশাসন-১ শাখা |
| প্রশাসন-২ অধিশাখা |
| প্রশাসন-৩ অধিশাখা |
| প্রশাসন-৫ অধিশাখা |
| আইন অধিশাখা |
| আইসিটি সেল |
| হিসাব রক্ষণ কর্মকর্তা |
| অন্যান্য শাখা |
| ব্যক্তিগত কর্মকর্তা |
| নম্বরঃ |

১২. ভূমি প্রশাসন ও ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও দক্ষতা বৃদ্ধি এবং সরকারি ভূমি রক্ষায় আরও সচেষ্ট হওয়া;

১৩. কৃষি-উৎপাদন বৃদ্ধিতে সার, বীজ, বিদ্যুৎ, জ্বালানি ইত্যাদির সরবরাহ নির্বিঘ্ন করতে প্রয়োজনীয় সকল ব্যবস্থা নেওয়া এবং পরিবেশবান্ধব কৃষি ব্যবস্থাপনাকে জনপ্রিয় করতে উদ্যোগী হওয়া;

১৪. ভেজাল খাদ্যদ্রব্য বাজারজাতকরণ প্রতিরোধে ব্যাপক গণসচেতনতা সৃষ্টি করে এসব অনৈতিক কর্মকাণ্ড কঠোর হস্তে দমন করা;

১৫. সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজির সফল বাস্তবায়নে মেধা, দক্ষতা ও অভিজ্ঞতার যথাযথ প্রয়োগ নিশ্চিত করা;

১৬. প্রাকৃতিক দুর্যোগ ও বিপর্যয় প্রশমনে সঠিক সময়ে সঠিক পদক্ষেপ গ্রহণ করা এবং পরিবেশ রক্ষার জন্য জনসচেতনতা বৃদ্ধি এবং এই সংক্রান্ত আইন ও বিধি বিধানের যথাযথ প্রয়োগ নিশ্চিত করা;

১৭. শিল্পাঞ্চলে শান্তি রক্ষা, পণ্য পরিবহন ও আমদানি-রপ্তানি নির্বিঘ্ন করা এবং পেশিশক্তি, চাঁদাবাজি, টেন্ডারবাজি ও সন্ত্রাস নির্মূল করতে ব্যবস্থা নেওয়া;

১৮. ভোক্তা অধিকারকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং বাজারে কৃত্রিম সঙ্কট সৃষ্টির যে কোন অপচেষ্টা কঠোর হস্তে দমন করা;

১৯. নারী উন্নয়ন নীতি সুষ্ঠু বাস্তবায়ন করা। নারীর প্রতি সহিংসতা, নিপীড়ন ও বৈষম্যমূলক আচরণ বন্ধ এবং নারী ও শিশু পাচার রোধে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করা;

২০. শিশু-কিশোরদের শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে শিক্ষা, ক্রীড়া, বিনোদন ও সৃজনশীল সাংস্কৃতিক কর্মকাণ্ডের সুযোগ নিশ্চিত করা এবং শিশু-কিশোরদের মধ্যে ইতিহাস চেতনা, জ্ঞানস্পৃহা ও বিজ্ঞানমনস্কতা জাগিয়ে তোলা;

২১. কঠোরভাবে মাদক ব্যবসা, মাদক চোরাচালান এবং এর অপব্যবহার বন্ধ করা;

২২. পার্বত্য জেলাসমূহের উন্নয়ন ত্বরান্বিতকরণের পাশাপাশি এ অঞ্চলের ভূ-প্রাকৃতিক সৌন্দয্য ও জীব বৈচিত্র্য সংরক্ষণ করা এবং পর্যটনশিল্প, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং ঐতিহ্যবাহী কুটিরশিল্পের বিকাশে সর্বাত্মক সহযোগিতা করা;

২৩. জেলা পর্যায়ে সকল কমিটি আরও সক্রিয়, গতিশীল ও ফলপ্রসু করতে হবে যেন মানুষ সহজে অধিক সেবা পায়; এবং

২৪. সব জেলায় গৃহহীনদের তালিকা করতে হবে এবং সরকার গৃহহীনদের জন্য বসতবাড়ি নির্মাণ করে দিবে। খাস জমির বিষয়ে হালনাগাদ তথ্য সংরক্ষণ করতে হবে।

০২। এমতাবস্থায়, বিশেষ গুরুত্ব প্রদানপূর্বক মাননীয় প্রধানমন্ত্রীর উপর্যুক্ত দিক্-নির্দেশনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত কার্যক্রম সম্পর্কে প্রতি মাসের ১০ তারিখের মধ্যে (হার্ড কপি এবং সফ্ট কপি **Nikosh** ফন্টে মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব (মাপ্রসম)-এর ই-মেইল **(faco_sec@cabinet.gov.bd)**-এ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২০/৮/১৭
(মোঃ ছাইফুল ইসলাম)
উপ সচিব
ফোন: ৯৫৫১১০৭
ই-মেইল- faco_sec@cabinet.gov.bd

জেলা প্রশাসক,..........(সকল)।

**অনুলিপি:**

১। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সিনিয়র সচিব/সচিব,.........................................................মন্ত্রণালয়/বিভাগ।

৩। বিভাগীয় কমিশনার,..(সকল)-উপর্যুক্ত বিষয়টি মনিটরিং করার অনুরোধসহ।